

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সোনাইমুড়ী, নোয়াখালী।
<http://sonaimuri.noakhali.gov.bd>

স্মারক নং : ০৫.৪২.৭৫৮৩.০০১.০৯.১১৮.২৩- ৯০৪

তারিখ : ০৬-১২-২০২৩খ্রি.

নিয়োগ বিজ্ঞপ্তি

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের পরিকল্পনা-০২ শাখার ২৩-১১-২২ খ্রিঃ তারিখের ১৬.০০.০০০০.০০৮.০২.০০১.১৭(অংশ).২৫০ নং স্মারকের নির্দেশনা মোতাবেক নোয়াখালী জেলার সোনাইমুড়ী উপজেলার মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রের জন্য নিম্নোক্ত পদে অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের জন্য অস্থায়ী প্রার্থীদের নিকট হতে উপজেলা নির্বাহী অফিসার, সোনাইমুড়ী, বরাবর দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রম	পদের নাম	পদের সংখ্যা	মাসিক সম্মানী (সর্বসাকুল্যে)	শিক্ষাগত যোগ্যতা
০১	খাদেম	০১ (এক)	৭,৫০০/=	ক. দ্বিতীয় শ্রেণির আলিম অথবা সমমানের কওমী (শরহে বেকায়া) শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন স্বীকৃত বোর্ড/প্রতিষ্ঠান থেকে সনদধারী। খ. শারীরিকভাবে সুস্থ ও সক্ষম হতে হবে। গ. কোন জামে মসজিদের খাদেম হিসেবে ০১ (এক) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।

শর্তাবলী :

- ০১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশী নাগরিক হতে হবে। এ ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্র, জন্ম নিবন্ধনের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।
- ০২। আবেদনপত্রে (ক) প্রার্থীর নাম (খ) পিতার নাম (গ) মাতার নাম (ঘ) বর্তমান ঠিকানা (ঙ) স্থায়ী ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) জাতীয়তা (জ) শিক্ষাগত যোগ্যতা (ঝ) অভিজ্ঞতা উল্লেখপূর্বক আবেদন করতে হবে। www.sonaimuri.noakhali.gov.bd লিংকের নোটিশ বোর্ডে আবেদন করার নমুনা ফরমট পাওয়া যাবে।
- ০৩। আবেদনপত্রের সাথে (ক) ইউনিয়ন/পৌরসভা চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্ব সনদপত্র (খ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি ৩ (তিন) কপি (গ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদপত্র (ঘ) সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, মার্কশীট ও অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে।
- ০৪। আগামী ১৭/১২/২০২৩খ্রি. তারিখ বিকাল ০৪.০০ ঘটিকার মধ্যে উপজেলা নির্বাহী অফিসার, সোনাইমুড়ী, নোয়াখালী কার্যালয়ে ডাকযোগে/সরাসরি আবেদন জমা দিতে হবে। উক্ত পদের জন্য ১০০ (একশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সোনালী ব্যাংকে যে কোন শাখায় উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র, সোনাইমুড়ী বরাবর সংযুক্ত করতে হবে।
- ০৫। বাছাইকৃত প্রার্থীদের পরীক্ষার তারিখ ও সময় পরবর্তীতে অবহিত করা হবে।
- ০৬। ঋমের উপর অবশ্যই পদের নাম উল্লেখ করতে হবে।
- ০৭। প্রার্থীকে নির্বাচনী /মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ০৮। কোন তথ্য গোপন করে চকুরিতে নিয়োগপ্রাপ্ত হলে বিষয়টি প্রমাণ সাপেক্ষে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ বাতিল করে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ০৯। যে কোন প্রকার সুপারিশ/তদবির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।
- ১০। এ নিয়োগ এর ক্ষেত্রে মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র পরিচালনা নীতিমালা ২০২১ এর সংশ্লিষ্ট বিধানাবলী প্রযোজ্য হবে।
- ১১। আবেদনপত্র গ্রহণ, বাতিল, ও সংরক্ষণসহ বিজ্ঞপ্তির যে কোন অংশের সংশোধন বা বাতিল করার ক্ষমতা কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ সংরক্ষণ করে।


(মোঃ ইসমাইল হোসেন)
উপজেলা নির্বাহী অফিসার

ও
সভাপতি,

উপজেলা মডেল মসজিদ পরিচালনা কমিটি
সোনাইমুড়ী, নোয়াখালী।
ফোন: ০১৭০৫-৪০৫০০১
Email.unosonaimuri@gmail.com